

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪ / ৫৪৬

তারিখঃ অক্টোবর ২০২৩
কার্তিক ১৪৩০

প্রাপকঃ জনাব মোহাঃ জামাল উদ্দীন সরকার
গ্রামঃ খাকশা, পোস্টঃ হাবিবাবাদ
উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর
মোবাইলঃ ০১৮২৪২১২৯৮৯
ই-মেইলঃ zusarkar@gmail.com

বিষয়ঃ পিএইচডি গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান এবং চুক্তি বাতিল।

গবেষণার শিরোনামঃ "Sheikh Mujibur Rahman and Emergence of Babgladesh: Assessing His Role in the Making of the Nation-State"— শীর্ষক পিএইচডি গবেষণা

সূত্রঃ

- (১) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১০০৯, তারিখঃ ১৪/১১/২০১৬
- (২) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-২২০, তারিখঃ ১২/০২/২০১৭
- (৩) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-৫৯৭, তারিখঃ ২০/০৯/২০২১
- (৪) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-৯৫৭, তারিখঃ ২৬/১২/২০২২
- (৫) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-১৩৬, তারিখঃ ২২/০২/২০২৩
- (৬) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-২০৯, তারিখঃ ৩০/০৩/২০২৩
- (৭) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-৩১০, তারিখঃ ১৬/০৫/২০২৩
- (৮) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪-৩২৬, তারিখঃ ১৫/০৬/২০২৩

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এবং সূত্রসমূহের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ০৩/০২/২০১৪ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী গবেষণার মেয়াদ ২৮ (আঠাশ) মাস বিধায় ০২/০৬/২০১৬ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং উক্ত মেয়াদও বহুপূর্বে শেষ হয়ে গেছে।

০২। ইতঃপূর্বে আপনি চুক্তিনামা অনুযায়ী ১ম ও ২য় কিস্তি বাবদ সর্বমোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা গ্রহণ করেছেন। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পর দীর্ঘ ০৭ (সাত) বছর অতিক্রান্ত হলেও আপনি আপনার গবেষণা কর্মের চূড়ান্ত প্রতিবেদন জমাদান ও সনদপ্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কাগজাদিসহ অবশিষ্ট কিস্তিসমূহের অর্থ গ্রহণের জন্য আবেদন করেননি। ফলে আপনার গবেষণা কর্মটি পরিষদে সমাপ্ত করা যাচ্ছে না। গবেষণা শেষ না করলে সূত্রে উল্লিখিত পত্রসমূহ মারফত আপনাকে গৃহীত অর্থ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। এ বিষয়ে আপনার নিকট হতে কোন জবাব বা গৃহীত অর্থ ফেরৎ পাওয়া যায়নি। উল্লেখ্য গত ১৫/০৬/২০২৩ তারিখে উক্ত গৃহীত অর্থ উদ্ধারের জন্য সর্বশেষ তাগিদপত্র দেয়া হয়েছিল।

০৩। চুক্তিনামার শর্তাবলীর 'ঙ' উপধারা মোতাবেক গৃহীত ১ম ও ২য় কিস্তি বাবদ সর্বমোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে কোড নং-১ ১৪০১ ০০০১ ২৬৮১ তে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর মূলকপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে আগামী ১৫(পনেরো) দিনের মধ্যে দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করছি। উক্ত সময়ের মধ্যে গৃহীত অর্থ জমাদানে ব্যর্থ হলে সরকারের বিদ্যমান বিধি/আইন অনুযায়ী আপনাকে উক্ত গৃহীত অর্থ উদ্ধারের জন্য প্রয়োজনীয় সকল প্রক্রিয়া শুরু করা হবে।

০৪। এমতাবস্থায়, জনস্বার্থে বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে গৃহীত কিস্তিসমূহের অর্থ ফেরৎ প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত
২৬/১০/২০২৩
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৩৮.১৪ / ৫৪৬

তারিখঃ অক্টোবর ২০২৩
কার্তিক ১৪৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ উজ্জ্বল হোসেন (জামানতকারী), পিতাঃ মোঃ মকবুল হোসেন, স্থায়ী ঠিকানা- গ্রামঃ খাকশা, পোস্টঃ হাবিবাবাদ, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর (চুক্তিনামার শর্তাবলীর 'ঘ' উপধারা মোতাবেক গৃহীত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২৬/১০/২০২৩
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা